

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
গণযোগাযোগ অধিদপ্তর  
তথ্য ভবন  
১১২ সার্কিট হাউজ রোড, ঢাকা।  
www.masscommunication.gov.bd

স্মারক নম্বর: ১৫.৫৬.০০০০.০০২.৯৯.৯৭.১৫(পাট-১)/২০২

তারিখ: ২১.০১.২০২১ খ্রি.


**বিষয়: তৃণমূল পর্যায়ের জনগণের মতামত সংবলিত জানুয়ারি-২০২১ (১ম পক্ষ) মাসের 'জনমত' প্রতিবেদন।**

গণযোগাযোগ অধিদপ্তর ৬৪ জেলা তথ্য অফিস এবং পার্বত্য এলাকায় উপজেলা পর্যায়ে ৪ তথ্য অফিস থেকে প্রাপ্ত প্রত্যন্ত অঞ্চলের জনগণের মতামতের ভিত্তিতে পাক্ষিক জনমত প্রতিবেদন তৈরি করে থাকে।

তথ্য কর্মকর্তাগণ দেশের প্রত্যন্ত অঞ্চলে মাননীয় প্রধানমন্ত্রীর ১০টি বিশেষ উদ্যোগ (ব্রান্ডিং শেখ হাসিনা) বিষয়ক চলচ্চিত্র প্রদর্শনী ও কুইজ প্রতিযোগিতা, ওরিয়েন্টেশন কর্মশালা, উন্মুক্ত বৈঠক, আলোচনা সভা, মহিলা সমাবেশ, মুক্তিযুদ্ধের চেতনায় দেশাল্লবোধক সংগীতানুষ্ঠান এবং বিষয়ভিত্তিক সংগীতানুষ্ঠানের মাধ্যমে সাধারণ মানুষের কাছে শিক্ষা, স্বাস্থ্য, স্যানিটেশন, নিরাপদ মাতৃত্ব, শিশু ও নারী অধিকার, জঙ্গি দমন, মাদকবিরোধী অভিযান, তথ্য অধিকার আইন এবং সরকারের সাফল্য অর্জন ও উন্নয়ন কর্মকান্ডের উপর উদ্বুদ্ধকরণ বার্তা প্রচার করে থাকে। এ সকল কর্মকান্ড বাস্তবায়ন করতে গিয়ে বিভিন্ন বিষয়ে তথ্য অফিসারদের সাথে সাধারণ মানুষের মতামতের মিথস্ক্রিয়া ঘটে। এ মিথস্ক্রিয়ার মাধ্যমে বিভিন্ন পর্যায়ের ব্যক্তিবর্গের কাছ থেকে সংগৃহীত তথ্য এবং স্থানীয় সংবাদপত্রে প্রকাশিত সংবাদের ভিত্তিতে জনমত প্রতিবেদন তৈরি করা হয়।

তথ্য অফিসসমূহ থেকে প্রাপ্ত জনমতের আলোকে জানুয়ারি-২০২১ (১ম পক্ষ) মাসের 'জনমত' প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। প্রতিবেদনটি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এসাথে প্রেরণ করা হলো।


সংযোজনী: জনমত প্রতিবেদন এক প্রস্থ।

  
২১/০১/২১

(আকতার হোসেন)

মহাপরিচালক (চলতি দায়িত্ব)

ফোনঃ ৮৩০০৬৪০

 dgmasscommunication@yahoo.com

সচিব

তথ্য মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি:

০১। উপসচিব (প্রশাসন-২ অধিশাখা), তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। সহকারী রক্ষণাবেক্ষণ তত্ত্বাবধায়ক (ডিপ্লোমা), গণযোগাযোগ অধিদপ্তর, ঢাকা (প্রতিবেদনটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

## জানুয়ারি-২০২১ (১ম পক্ষ)

### জনমত শিরোনাম

- বঙ্গবন্ধুর ঐতিহাসিক স্বদেশ প্রত্যাবর্তন দিবস উদযাপন।
- শীতাত্ত মানুষের স্বাস্থ্যসেবায় কার্যকর পদক্ষেপ গ্রহণের দাবি।
- চাল, পিঁয়াজসহ বাজারে নিত্যপণ্যের মূল্য স্থিতিশীল থাকায় ভোক্তাদের স্বস্তি প্রকাশ।
- আইনশৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক। মাদকদ্রব্যের অপব্যবহার রোধে অভিযান অব্যাহত রাখার ওপর গুরুত্বারোপ জনসাধারণের।



## বঙ্গবন্ধুর ঐতিহাসিক স্বদেশ প্রত্যাবর্তন দিবস উদযাপন।

১০ জানুয়ারি বঙ্গবন্ধুর ঐতিহাসিক স্বদেশ প্রত্যাবর্তন দিবস যথাযোগ্য মর্যাদায় উদযাপন করা হয়েছে। কর্মসূচির মধ্যে ছিল সারা দেশে পোস্টার বিতরণ, জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলি নিবেদন, ক্রোড়পত্র প্রকাশ, ডকুমেন্টারি প্রদর্শন, বঙ্গবন্ধুর উক্তি ও ছবি সংবলিত ডিসপ্লে বোর্ড স্থাপন/প্রদর্শন, মুজিব বর্ষের থিম সং প্রচার ইত্যাদি।

## দেশের উত্তরাঞ্চলে তীব্র শীত ও ঘন কুয়াশায় জনজীবন বিপর্যস্ত

দেশের উত্তরাঞ্চলে তীব্র শীত ও ঘন কুয়াশায় জনজীবন বিপর্যস্ত হয়ে পড়েছে বলে জনসাধারণের মতামত প্রতিক্রিয়ায় জানা গেছে। ছিন্নমূল ও নিম্নআয়ের মানুষ দুর্ভোগে পড়ায় বিভিন্ন সেবামূলক সংস্থাকে শীতাত্তরদের সেবায় এগিয়ে আসার ওপর গুরুত্বারোপ করেছে সচেতনমহল।

এ ছাড়া দেশের উত্তরাঞ্চলে শীতজনিত বিভিন্ন রোগ ছড়িয়ে পড়েছে। বৃদ্ধ ও শিশুদের স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে স্থানীয় পর্যায়ে সার্বিক প্রস্তুতি গ্রহণে, সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের প্রত্যাশা ব্যক্ত করেছে সাধারণ জনগণ।

## চাল, পিঁয়াজসহ বাজারে নিত্যপণ্যের মূল্য স্থিতিশীল থাকায় ভোক্তাদের স্বস্তি প্রকাশ।

বাজারে নিত্যপণ্যের মূল্য স্থিতিশীল থাকায় স্বস্তি প্রকাশ করেছে নিম্ন ও মধ্যম আয়ের মানুষ। তবে পাইকারি ও খুচরা বাজারে পণ্যের দামের তারতম্য যাতে বেশি না হয় সেজন্য বাজার তদারকির ওপর সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কার্যকর হস্তক্ষেপ কামনা করেছে ভোক্তাসাধারণ।



বাজারে শীতের সবজির সরবরাহ বাড়তে শুরু করেছে। ফলে প্রায় সকল ধরনের সবজির দাম বেশ কিছুটা কমেছে বলে ভোক্তাসাধারণ অভিমত প্রকাশ করেছে। এদিকে বাজারে নতুন আলু ও কাঁচা টমেটো উঠতে শুরু করেছে, তবে দাম একটু বেশী। নিত্য প্রয়োজনীয় সকল পণ্যের দাম যাতে কমে, সে ব্যাপারে সরকার কার্যকর ব্যবস্থা নেবে বলে জনগণ প্রত্যাশা ব্যক্ত করেছে।

**আইনশৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক। মাদকদ্রব্যের অপব্যবহার রোধে অভিযান অব্যাহত রাখার ওপর গুরুত্বারোপ জনসাধারণের।**

সারাদেশের আইনশৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক আছে বলে জনমত প্রতিক্রিয়ায় জানা গেছে। মাদকদ্রব্যের অপব্যবহার রোধে পুলিশ প্রশাসন ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করছে। মাদকের ভয়াবহতা এবং ইভটিজারদের দৌরাত্ন প্রতিরোধে আইন-শৃঙ্খলা বাহিনীকে অভিযান অব্যাহত রাখতে সকল শ্রেণি পেশার জনগণ আহ্বান জানান।



তৈয়ব/শুকলা/মেহেদী/জসিম

মোঃ তৈয়ব আলী  
পরিচালক (প্রচার ও সম্পন্ন)  
গণযোগাযোগ অধিদপ্তর  
তথ্য মন্ত্রণালয়  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার